রেজিস্ট্রার দপ্তর
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
যশোর-৭৪০৮, বাংলাদেশ।

**Office of the Registrar**
Jashore University of Science and Technology
Jashore-7408, Bangladesh

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/১০০২/রাজস্ব জনবল (নিয়োগ বিজ্ঞপ্তি)/পার্ট-৬/২১-২২৮৩১ তারিখঃ ২৮/০৪/২০২২খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্মোক্ত পদগুলো পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, পদসংখ্যা ও স্কেল | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **গ্রন্থাগারিক**, (০১টি স্থায়ী পদ), কেন্দ্রীয় গ্রন্থাগার দপ্তর, বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/- | ৫০ বছর | লাইব্রেরী সায়েন্সে (৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর) ডিগ্রী/ লাইব্রেরী সায়েন্সে স্নাতকোত্তর; সকল পরীক্ষা/পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। কোন পর্যায়ে পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। লাইব্রেরী সায়েন্সে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্ত/পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>কোন সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরী সংক্রান্ত কাজে ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে ১৫ (পনেব) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/সুপ্রতিষ্ঠিত ও বৃহদায়তন প্রতিষ্ঠানে ডেপুটি লাইব্রেরীয়ান পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। |
| ০২ | **সহকারী টেকনিক্যাল অফিসার**, (নার্সিং এন্ড হেলথ্ সায়েন্স, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, এগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি, গণিত, নিউট্রিশন এন্ড ফুড টেকনোলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, ফিশারীজ এন্ড মেরিন বায়োসায়েন্স, মাইক্রোবায়োলজি, রসায়ন বিভাগ) **১১টি স্থায়ী পদ**, **বেতন স্কেলঃ** ১৬০০০-৩৮৬৪০/- | ৩০ বছর | <u>নার্সিং এন্ড হেলথ সায়েন্স বিভাগের ক্ষেত্রে</u><br>ক) কোন স্বীকৃত নার্সিং ইনস্টিটিউট হতে নার্সিং এ ন্যূনতম তিন বছরের ডিপ্লোমাধারী হতে হবে। তবে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নার্সিং এ স্নাতক ডিগ্রি (৪ বছর মেয়াদী বিএসসি ইন নার্সিং) সহ ইন্টার্নশিপের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>খ) বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হতে হবে।<br>গ) রেজিস্টার্ড নার্স হিসেবে ক্লিনিকাল কাজে নূন্যতম ১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে প্রাধান্য দেয়া হবে।<br><u>কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের ক্ষেত্রে</u><br>কোন অনুমোদিত বোর্ড হতে ন্যূনতম ডিপ্লোমা ইন কম্পিউটার টেকনোলজি/ সমমানের ডিগ্রী থাকতে হবে। তবে B.Sc (Engg.) ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। এছাড়াও সফটওয়্যার ডেভলেপমেন্ট বিষয়ে ন্যূনতম এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। সকল পরীক্ষায় সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.৫ এবং ৪.০ স্কেলে ন্যূনতম ৩.০০ অথবা ন্যূনতম ২য় বিভাগ / শ্রেণি থাকতে হবে।<br><u>টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে</u><br>কোন অনুমোদিত বোর্ড হতে টেক্সটাইল/মেকানিক্যাল বিষয়ে ন্যূনতম ডিপ্লোমাধারী হতে হবে। তবে টেক্সটাইল/ মেকানিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><u>বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে</u><br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে Biomedical Engineering/EEE/Applied Physics/Biomedical Physics & Technology/ME/ECE/CSE/ChE/ETE বিষয়ে চার বছরের স্নাতক ডিগ্রী থাকেতে হবে।<br>**বিঃ দ্রঃ উল্লেখিত বিষয়ে শুধুমাত্র স্নাতকোত্তর ডিগ্রী থাকলেও তারা আবেদন করতে পারবেন।**<br><u>অন্যান্য সকল বিভাগের ক্ষেত্রে</u><br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। অ্যাকাডেমিক পরীক্ষায় ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড সিস্টেমে ৫.০ পয়েন্ট স্কেলে ন্যূনতম সিজিপিএ ৪.০০ এবং ৪.০ পয়েন্ট স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। কোন অ্যাকাডেমিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ০৩ | **অডিটর**, ০১টি স্থায়ী পদ (উপাচার্যের দপ্তর) **বেতন স্কেলঃ** ১২৫০০-৩০২৩০/- | ৩০ বছর | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অ্যাকাউন্টিং/ম্যানেজমেন্ট/ফাইন্যান্স এ্যান্ড ব্যাংকিং/মার্কেটিং/বিবিএ বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রি থাকতে হবে। একাডেমিক পরীক্ষায় ন্যূনতম ১টি প্রথম বিভাগ/শ্রেণী অথবা ৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনতম ৪.০ এবং ৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনতম ৩.০০ থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে। কোন একাডেমিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। স্নাতক সম্মানসহ এমকম/এমবিএস/এমবিএ ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | **অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর**, ০১টি স্থায়ী পদ, (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ) **বেতন স্কেলঃ** ১১০০০-২৬৫৯০ | ৩০ বছর | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রী। সকল একাডেমিক পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা ৫.০ স্কেল ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.০ এবং ৪.০ স্কেল ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনতম ২.৭৫ থাকতে হবে। কারিগরি শিক্ষা বোর্ড/সরকারি প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার কোর্স সম্পাদন সার্টিফিকেট থাকতে হবে। তবে শিক্ষা জীবনে ৩য় বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ ২.০ এর কম গ্রহণযোগ্য নয়। মাইক্রোসফট অফিস ও কম্পিউটার রক্ষণাবেক্ষণে পারদর্শী ও অফিস সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলীঃ**

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ ০২ সেট আবেদন **রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**, যশোর-৭৪০৮ বরাবরে আগামী **১৮/০৫/২০২২খ্রি.** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। |
| (খ) | প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.just.edu.bd অথবা রেজিস্ট্রারের কার্যালয় হতে আবেদন ফরম ও যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করতে হবে। |
| (গ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে- (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি (গ) জাতীয় পরিচয় পত্র (ঘ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র। বয়স গণনার ক্ষেত্রে আবেদন জমার শেষ তারিখ পর্যন্ত হিসাব করতে হবে। |
| (ঘ) | সকল প্রার্থীর ক্ষেত্রে কোন একাডেমিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদপত্র (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না। |
| (ঙ) | দরখাস্তের সাথে **"রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়"** এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে ক্রমিক নং ০১ এর জন্য ১১০০/- টাকা, ক্রমিক নং ০২ এর জন্য ৯০০/-টাকা এবং ক্রমিক নং ০৩ হতে ক্রমিক নং ০৪ এর জন্য ৫০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে। |
| (চ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থীত পদের নামসহ দপ্তর/বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। |

রেজিস্ট্রার দপ্তর
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
যশোর-৭৪০৮, বাংলাদেশ।

**Office of the Registrar**
Jashore University of Science and Technology
Jashore-7408, Bangladesh

| | |
|---|---|
| (ছ) | উপাচার্য মহোদয় অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ক্ষেত্রে যে কোন ০১ (এক) টি শর্ত শিথিল করতে পারবেন। |
| (জ) | প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১০(দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত ২৫X১১ সেঃমিঃ/১০X৪.৫ ইঞ্চি সাইজের দুইটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। |
| (ঝ) | প্রাপ্ত দরখাস্তসমূহ বাছাইয়ের পর বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী লিখিত ও মৌখিক সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। |
| (ঞ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন ও পদসংখ্যা কমবেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| (ট) | **বিঃদ্রঃ স্মারক নং- যবিপ্রবি/১০০২/রাজস্ব জনবল (নিয়োগ বিজ্ঞপ্তি)/পার্ট-৫/১৯-৯৫৮, তারিখঃ ১০/০৩/২০২০খ্রি. মোতাবেক সহকারী টেকনিক্যাল অফিসার পদে যারা আবেদন করেছেন সেসকল প্রার্থীগণের এপিপিটি, এনএফটি, জিইবিটি, এফএমবি, এমবি, রসায়ন, গণিত বিভাগের ক্ষেত্রে পুনঃরায় আবেদন করার প্রয়োজন নাই।** |

(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/১০০২/রাজস্ব জনবল (নিয়োগ বিজ্ঞপ্তি)/পার্ট-৬/২১- ১২৮৩

তারিখঃ ১৮/০৪/২০২২খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ
০১। কোষাধ্যক্ষ, যবিপ্রবি।
০২। গ্রন্থাগারিক, যবিপ্রবি।
০৩। বিভাগীয় চেয়ারম্যান, নার্সিং এন্ড হেলথ্ সায়েন্স, সিএসই, টেক্সটাইল, বায়োমেডিকেল, এপিপিটি, গণিত, এনএফটি, জিইবিটি, এফএমবি, এমবি, রসায়ন বিভাগ, যবিপ্রবি।
০৪। পরিচালক (হিসাব), যবিপ্রবি।
০৫। সহকারী রেজিস্ট্রার, সাধারণ প্রশাসন, রেজিস্ট্রার দপ্তর, যবিপ্রবি।
০৬। উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য), যবিপ্রবি।
০৭। জনাব মোঃ শাহ আজিজ, সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা, রেজিস্ট্রার দপ্তর, (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), যবিপ্রবি।
০৮। নোটিশ বোর্ড, রেজিস্ট্রার দপ্তর, যবিপ্রবি।
০৯। নথি।

(মোহাম্মদ এমদাদুল হক)
উপ-রেজিস্ট্রার (সংস্থাপন ও প্রশাসন)
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।